

যুগান্তর

তারিখ... 25. AUG. 2015 ...
পৃষ্ঠা... ২... কলাম... ৪.....

আবেদন শুরু ৩০ আগস্ট
বুয়েটে ভর্তি পরীক্ষা
১৭ অক্টোবর
যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২০১৫-২০১৬ সেশনে স্নাতকে ভর্তি পরীক্ষা ১৭ অক্টোবর অনুষ্ঠিত হবে। এর আগে ৩০ আগস্ট থেকে ভর্তির আবেদন নেয়া শুরু হবে।

ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ যুগান্তরকে জানিয়েছেন, এবারও ভর্তির আবেদন অনলাইনে নেয়া হবে। সরাসরি আবেদন ফরম বিতরণ করা হবে না। যেসব শিক্ষার্থী ভর্তি : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

ভর্তি : বুয়েটে
(১ম পৃষ্ঠার পর)

বাংলা ও ইংরেজিতে জিপিএ-৪ এবং পদার্থ, রসায়ন ও উচ্চতর গণিতে জিপিএ-৫ পেয়েছে, কেবল তাই আবেদন করতে পারবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা বুয়েটের ওয়েবসাইটে (www.buet.ac.bd) পাওয়া যাবে। বুয়েট সূত্র জানিয়েছে, এবার মোট ১৮টি বিভাগে ১ হাজার ৩০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এবার নতুন যুক্ত হয়েছে বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং। এই বিভাগে শিক্ষার্থী নেয়া হবে ৩০ জন। যত শিক্ষার্থী আবেদন করবে তাদের মধ্য থেকে মেধাভিত্তিতে সাড়ে আট হাজার জন পরীক্ষায় বসার সুযোগ পাবে।